

শিক্ষার্থীদের জন্য করণীয়।

শিক্ষার্থীদের জন্য নীতিমালা নিম্নরূপ :

- ১। শিক্ষার্থী উপস্থিতি সংক্রান্ত বিধি।
- ২। শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক সততা /ন্যায় পরায়ণতা এবং ব্যক্তিগত আচরণবিধি।
- ৩। শিক্ষার্থীদের মানোন্নয়ন সংক্রান্ত বিধি।

ওআইএস শিক্ষার্থীদের নীতিমালা সমূহ এমনভাবে বিন্যস্ত করা হয়েছে যেন শিক্ষার্থীরা তাদের সুপ্ত প্রতিভা অন্বেষণের দ্বারা ওআইএস-এ তাদের যাপিত সময়কে যথাযথভাবে কাজে লাগিয়ে সু-নাগরিকে পরিনত হতে পারে ; দেশজাতি যাদেরকে নিয়ে হবে গর্বিত।

শিক্ষার্থী উপস্থিতি নীতি সমূহ :

সকল ওআইএস শিক্ষার্থীকে প্রতিটি কার্যদিবসে বিদ্যালয়ে উপস্থিত হয়ে শ্রেণীকক্ষে অবস্থান করতে হবে। শিক্ষার্থীরা শ্রেণীকক্ষে নির্দিষ্ট সময়ে হাজির না থাকলে, (পাঁচ মিনিটের বেশী অতিক্রান্ত সময়ের পরে উপস্থিত হলে) অথবা নির্ধারিত সময়ের আগে বিদ্যালয়ে ত্যাগ করলে অনুপস্থিত বলে গণ্য হবে। কোন শিক্ষার্থী ৮০% প্রতিষ্ঠানে উপস্থিত না থাকলে, তাকে তার উপাধ্যক্ষ এর সাথে দেখা করতে হবে, যিনি শিক্ষার্থীর পিতা-মাতার সাথে যোগাযোগ করে সিদ্ধান্ত প্রদান করবেন। অথবা শিক্ষার্থীকে বিদ্যালয় থেকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারেন। যদি কোন শিক্ষার্থী নিয়মিতভাবে সারা বছর ধরে বিদ্যালয়ে অনুপস্থিত থাকে, তবে তাকে পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণের অনুমতি দেয়া হবে না।

তবে, কিছু কিছু ক্ষেত্রে শিক্ষার্থীর অনুপস্থিত বিশেষ বিবেচনায় মওকুফ করা যেতে পারে :

- শিক্ষার্থীর নিকট আত্মীয় যেমন দাদা-দাদী, নানা-নানী, পিতা-মাতা, অথবা ভাই বোন গুরুতর অসুস্থ হলে ।
- শিক্ষার্থীর দাদা-দাদী, নানা-নানী, পিতা-মাতা, অথবা ভাই বোনের মৃত্যু ।
- শিক্ষার্থী গুরুতর অসুস্থ থাকলে (ডাক্তারী সনদ প্রদর্শন সাপেক্ষে) ।

এ প্রেক্ষিতে, ওআইএস উক্ত শিক্ষার্থীকে তার অনুপস্থিতিজনিত কারণে অসমাপ্ত কাজ সম্পন্ন করার জন্য যে কোন ধরনের যৌক্তিক সহায়তা প্রদান করবে ।

শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক সততা/ন্যায়পরায়নতা ও ব্যক্তিগত আচরণ বিধি :

ওআইএস এর শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের একে অন্যের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করা অত্যাবশ্যিকীয় । যে সব শিক্ষার্থী অন্যকে সম্মান প্রদর্শন করে না অথবা অসদাচরণ করে , অন্যের জিনিস না বলে নেয়, বিদ্যালয়ের আসবাবপত্রসহ অন্যান্য জিনিসপত্র নষ্ট করে, তাদেরকে উপযুক্ত প্রমানসহ অধ্যক্ষের নিকট পাঠানো হবে, যিনি উক্ত শিক্ষার্থীর পিতা-মাতাকে এ বিষয়ে অবগত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন । শিক্ষার্থীকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারেন অথবা এমনকি ওআইএস থেকে তাকে বহিষ্কার করতে পারেন । একইভাবে, শিক্ষার্থীদের কাউকে ইন্টারনেট থেকে কোন কাজ সরাসরি ডাউনলোড করাতে পাওয়া গেলে, অন্য কারো কাজ নকল করতে পাওয়া গেলে, অথবা পরীক্ষায় কোনরূপ অসদুপায় অবলম্বন করতে দেখা গেলে তাকে অধ্যক্ষের নিকট উপযুক্ত প্রমানসহ পাঠানো হবে এবং প্রয়োজনে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হবে ।

শিক্ষার্থীর ক্রমবর্ধমান মানোন্নয়ন সংক্রান্ত :

যেসব শিক্ষার্থী স্বাভাবিকই শ্রেণীতে যোগদানে অসমর্থ হবে, এক বা একাধিক পরীক্ষায় অকৃতকার্য হবে, যাকে একাধিকবার অসদুপায় অবলম্বনে ধরা হবে, অথবা অন্য কারো কাজ নকল করতে দেখা যাবে, অথবা যারা অবিরতভাবে রুচু আচরণ প্রদর্শন করবে, অথবা সহিংস আচরণ করবে, কিংবা অসদাচরণে নিয়োজিত হবে, তাদের পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণ করা করা হবে না ।

ওআইএস উক্ত শিক্ষার্থী ও তার পিতা-মাতার সাথে প্রয়োজনে পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণের অপারগতার ব্যাপারে আলোচনা করবে, তবে কোন অস্থাতেই শিক্ষার্থীর ভর্তি ফি ফেরত দেয়া হবে না ।